**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 10/6/2023 **গভর্নর ক্যাথি হোকল**

## সাইবার নিরাপত্তা বিষয়ক সচেতনতা মাস চলাকালীন, গভর্নর হোকল ক্ষুদ্র ব্যবসা এবং সকল নিউ ইয়র্কবাসীকে সুরক্ষিত থাকতে সাহায্য করার জন্য জরুরি রিসোর্সগুলোকে হাইলাইট করেছেন

***গভর্নর হোকল অক্টোবরকে সাইবার নিরাপত্তা বিষয়ক সচেতনতা মাস উল্লেখ করে ঘোষণা জারি করেন; ঘোষণাটি পড়ুন এখানে***

***20তম বার্ষিক সাইবার নিরাপত্তা বিষয়ক সচেতনতা মাসটি অনলাইনে সুরক্ষিত থাকার মূল বিষয়গুলোর প্রতি গুরুত্বারোপ করে***

গভর্নর ক্যাথি হোকল অক্টোবরকে সাইবার নিরাপত্তা বিষয়ক সচেতনতা মাস উল্লেখ করে একটি ঘোষণা জারি করেছেন। এই বছর ইভেন্টির 20তম বার্ষিকীকে সাইবার নিরাপত্তা সম্পর্কে জনসাধারণকে সম্পৃক্ত ও জ্ঞান দান করার প্রচেষ্টার অংশ হিসেবে চিহ্নিত করে এবং সকল নিউ ইয়র্কবাসীকে সুরক্ষিতভাবে অনলাইনে কাজ করতে সহায়তা করার জন্য টুলস এবং অন্যান্য রিসোর্স সরবরাহ করে৷ এই ঘোষণাটি গভর্নর হোকলের সর্ব-প্রথম গৃহীত ব্যাপক আকারের স্টেট ব্যাপী সাইবার নিরাপত্তা বিষয়ক কৌশলের, ঘোষণাটিকে অনুসরণ করে যা সরকারি ও বেসরকারি স্টেকহোল্ডারদের সম্পৃক্ত করার মাধ্যমে এবং আমাদের বাসিন্দাদের গোপনীয়তা ও নিরাপত্তা বজায় রাখার মাধ্যমে ডিজিটাল রিসোর্সগুলো সুরক্ষিত রাখার একটি গঠনমূলক পদ্ধতির রূপরেখা প্রণয়ন করে।

"বিশ বছর ধরে, নিউ ইয়র্ক স্টেটের সাইবার নিরাপত্তা বিষয়ক সচেতনতা মাসের ঘোষণাটি ডিজিটাল নিরাপত্তার বিষয়ে সচেতনতা বাড়াতে এবং অনলাইনে নিজেদের সুরক্ষিত রাখার জন্য তাদের গৃহীত প্রয়োজনীয় পদক্ষেপগুলো সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের সচেতন করতে সাহায্য করেছে," **গভর্নর হোকল বলেন।** "এই উপাধির মাধ্যমে, আমরা আমাদের নাগরিক ও ব্যবসায়িদের সাইবার সংশ্লিষ্ট হুমকিগুলো ক্ষেত্রে সতর্ক থাকার জন্য একটি আলোকবর্তিকা জ্বালিয়ে দিচ্ছি যা আরো অসংখ্য এবং আরো বাস্তবধমী হয়ে উঠেছে। আমাদের স্টেটের সর্ব-প্রথম, ব্যাপক আকারের স্টেট ব্যাপী সাইবার নিরাপত্তা বিষয়ক কৌশল প্রতিষ্ঠার মাধ্যমে, আমার প্রশাসন সাইবার সংশ্লিষ্ট হুমকির বিরুদ্ধে একটি শক্তিশালী স্টেটীয় সুরক্ষা বলয় তৈরি করতে এবং আমাদের বাসিন্দা, ব্যবসা প্রতিষ্ঠান এবং স্থানীয় সরকারগুলো প্রতিদিন নির্ভর করে এমন গুরুত্বপূর্ণ পরিষেবাগুলোকে সুরক্ষিত রাখতে প্রতিশ্রুতিবদ্ধ।"

এই বছর সাইবার নিরাপত্তা বিষয়ক সচেতনতা মাসটি চারটি মূল বিষয়ের উপর ফোকাস করবে:

- মাল্টি-ফ্যাক্টর অনুমোদন ব্যবস্থা সক্ষম করা;
- শক্তিশালী পাসফ্রেজ ব্যবহার করা;
- সফ্টওয়্যার আপডেট করা এবং
- ফিশিং শনাক্ত এবং তা রিপোর্ট করা।

**নিউ ইয়র্ক স্টেটের প্রধান সাইবার অফিসার কলিন আহেরন বলেন,** "সাইবার নিরাপত্তা বিষয়ক সচেতনতা মাসের 20তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে, নিউ ইয়র্ক স্টেট আমাদের ডিজিটাল ল্যান্ডস্কেপ সুরক্ষিত রাখার জন্য আগের চেয়ে অনেক বেশি প্রতিশ্রুতিবদ্ধ। গভর্নরের জাতীয়-নেতৃস্থানীয় সাইবার নিরাপত্তা সংশ্লিষ্ট কৌশল হাইলাইট করে যে কিভাবে আমাদের আন্তঃসংযুক্ত বিশ্বে সবাই সাইবার-ভিত্তিক হুমকিগুলোর বিরুদ্ধে রক্ষা করার জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সম্মিলিতভাবে আমরা আগামী প্রজন্মের জন্য একটি ভারসাম্যপূর্ণ ডিজিটাল নিউ ইয়র্ক বিনির্মাণ কার্যক্রম চালিয়ে যাব।"

**নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস এর কমিশনার জ্যাকি ব্রে বলেন,** "বর্তমান বিশ্বে, আমাদের ব্যক্তিগত তথ্য এবং নিরাপত্তার জন্য হুমকিস্বরূপ সাইবার অপরাধীদের বিরুদ্ধে আমাদের সতর্ক থাকাটা খুবই জরুরি। এই সাইবার নিরাপত্তা বিষয়ক সচেতনতা মাসে, নিউ ইয়র্কবাসীদের সাইবার-ভিত্তিক আক্রমণের বিরুদ্ধে নিজেদের সুরক্ষিত রাখার জন্য একটু অপেক্ষা করতে হবে। নিজেকে এবং আপনার তথ্য সুরক্ষিত রাখতে সহজ পদক্ষেপগুলো গ্রহণ করুন। মনে রাখুন -- আপনি ক্লিক করার আগে চিন্তা করুন, শক্তিশালী পাসফ্রেজ ব্যবহার করুন, আপনার অ্যান্টিভাইরাস সফ্টওয়্যারকে আপডেট রাখুন এবং মাল্টি-ফ্যাক্টর অনুমোদন ব্যবস্থা সক্ষম করুন।"

সাইবার নিরাপত্তা সকল প্রতিষ্ঠানের জন্য অপরিহার্য তবে এটি এমন ক্ষুদ্র ব্যবসার জন্য চ্যালেঞ্জিং হতে পারে যাদের হাতে নিবেদিত কর্মী বা রিসোর্স নাও থাকতে পারে। অলাভজনক সংস্থা গ্লোবাল সাইবার অ্যালায়েন্স (Global Cyber Alliance, GCA)-এর সঙ্গে অংশীদারিত্বের মাধ্যমে স্টেটের আর্থিক পরিষেবা বিভাগ (Department of Financial Services) ক্ষুদ্র ব্যবসাগুলোকে একটি বিনামূল্যের সাইবার নিরাপত্তা টুলকিট প্রদান করছে যাতে তারা নিজেদেরকে এবং তাদের গ্রাহকদেরকে ক্রমবর্ধমান সাইবার হুমকি থেকে সুরক্ষিত রাখতে পারে। সাইবার নিরাপত্তা টুলকিটে হার্ডওয়্যার এবং সফ্টওয়্যার সনাক্তকরণ, সাইবার সংশ্লিষ্ট হুমকির বিরুদ্ধে সুরক্ষা ব্যবস্থা আপডেট করা, পাসফ্রেজ শক্তিশালী করা, মাল্টি-ফ্যাক্টর অনুমোদন ব্যবস্থা সক্ষম করা, ডেটা ব্যাক আপ ও পুনরুদ্ধার করা এবং ইমেইল সিস্টেমগুলো সুরক্ষিত রাখার তথ্য অন্তর্ভুক্ত রয়েছে। ক্ষুদ্র ব্যবসার জন্য বিনামূল্যের সাইবার নিরাপত্তা টুলকিট এবং DFS-এর প্রস্তুতকৃত নমুনা সাইবার নিরাপত্তা সংশ্লিষ্ট পলিসি DFS ওয়েবসাইট-এ পাওয়া যাবে।

**নিউ ইয়র্ক স্টেট সুপারিনটেনডেন্ট অব ফিন্যান্সিয়াল সার্ভিসেস এর অ্যাড্রিয়েন এ. হ্যারিস বলেন,** "আমাদের দেশের সবচেয়ে গুরুত্বপূর্ণ অবকাঠামো সুরক্ষিত রাখার জন্য সাইবার নিরাপত্তা অত্যন্ত গুরুত্বপূর্ণ। ডিপার্টমেন্ট অব ফিন্যান্সিয়াল সার্ভিসেস (Department of Financial Services) ক্রমবর্ধমান প্রকৃত সাইবার অপরাধীদের থেকে ব্যবসা এবং ভোক্তাদের সুরক্ষিত রাখার জন্য আর্থিক পরিষেবাগুলোতে সাইবার নিরাপত্তার মান এবং সুরক্ষার জাতীয় বেঞ্চমার্ক নির্ধারণ করে এবং তা বজায় রাখে।"

**নিউ ইয়র্ক স্টেট অফিস অব ইনফরমেশন টেকনোলজি সার্ভিসের প্রধান ইনফরমেশন অফিসার ড্রু রাই বলেন,** "নিউ ইয়র্ক স্টেট অফিস অব ইনফরমেশন টেকনোলজি সার্ভিসেস (Office of Information Technology Services, ITS)-এর কর্মীগণ নিউ ইয়র্ক স্টেটের ডিজিটাল অবকাঠামো, আমাদের ডেটা সুরক্ষিত রাখতে এবং ইমেইল ইনবক্স এবং ক্ষতিকর ওয়েবসাইটগুলোতে লুকিয়ে থাকা বিপদগুলো সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের সচেতন করতে প্রতিনিয়ত কাজ করে৷ যেহেতু আমরা নিউ ইয়র্ক স্টেটে আবার সাইবার নিরাপত্তা বিষয়ক মাসকে স্বীকৃতি দিচ্ছি তাই আমরা সকল নিউ ইয়র্কবাসীকে নিজেদের, তাদের পরিবার ও তাদের ব্যক্তিগত সম্পদ সুরক্ষিত রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে আহ্বান জানাচ্ছি। এই গুরুত্বপূর্ণ উদ্যোগটি আলোকপাত করার জন্য এবং সাইবার নিরাপত্তাকে অগ্রাধিকার দেওয়ার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করি।"

**নিউ ইয়র্ক স্টেটের প্রধান তথ্য নিরাপত্তা কর্মকর্তা ক্রিস ডিসেইন বলেন,** "যখন সাইবার আক্রমণ থেকে নিজেকে বা আপনার চারপাশের লোকদের সুরক্ষিত রাখার কথাটি আসে তখন আমরা জানি যে তথ্য কতটা শক্তিশালী। এই কারণেই কেবলমাত্র হুমকির গুরুতরতা বিষয়ে সচেতনতা বাড়াতে নয় বরং যে কেউ তাদের ডিজিটাল মাধ্যমকে আরো সুরক্ষিত রাখতে যে সহজ পদক্ষেপগুলো গ্রহণ করতে পারে সেটিও গুরুত্বপূর্ণ। আপনি স্টেটের একজন কর্মচারী হোন, ব্যবসা পরিচালনা করুন বা আমাদের স্টেট জুড়ে লক্ষ লক্ষ পরিশ্রমী নিউ ইয়র্কবাসীর মধ্যে একজন হোন না কেন আমাদের আপনাকে সাইবার যোদ্ধা হতে হবে এবং এই লড়াইয়ে আমাদের সাথে যোগ দিতে হবে।"

এছাড়াও নিউ ইয়র্ক স্টেট অফিস অব ইনফরমেশন টেকনোলজি সার্ভিসেস (Information Technology Services, ITS) কিন্ডারগার্টেনের 12তম গ্রেড পর্যন্ত শিশুদের জন্য একটি স্টেট ব্যাপী সাইবার সিকিউরিটি পোস্টার প্রতিযোগিতার আয়োজন করছে যা শিক্ষকদের জন্য একটি মজার এবং তথ্যপূর্ণ উপায়ে শিশুদের অনলাইনে সুরক্ষিত রাখার উপর ফোকাস করার ক্ষেত্রে এটি একটি সময়োপযোগী সুযোগ। জমাদানের শেষ তারিখ 15 ডিসেম্বর, 2023। নিউ ইয়র্ক স্টেটের বিজয়ীদের ITS ওয়েবসাইটে ফিচার করা হবে এবং মাল্টি-স্টেট ইনফরমেশন শেয়ারিং অ্যান্ড অ্যানালাইসিস সেন্টার (Multi-State Information Sharing and Analysis Center, MS-ISAC)-এর পৃষ্ঠপোষকতায় আয়োজিত জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় তালিকাভুক্ত করা হবে। অতিরিক্তভাবে, এই সংস্থা জনসাধারণের জন্য বিনামূল্যের রিসোর্স, যেমন- সাইবার নিরাপত্তা সম্পর্কে সচেতনতার টুলকিট প্রদান করছে, যার মধ্যে সাইবার নিরাপত্তা সংক্রান্ত থিমের পোস্টার, ক্যালেন্ডার, ব্রোশিউর এবং অন্যান্য কন্টেন্ট অন্তর্ভুক্ত রয়েছে যা ব্যবহারিক, তথ্যমূলক ও বিনোদনমূলক উপায়ে সাইবার নিরাপত্তা সংক্রান্ত থিমগুলো প্রচার ও জোরদার করতে সাহায্য করার জন্য ডাউনলোড ও শেয়ার করা যাবে।

আরো তথ্য জানতে, নিউ ইয়র্ক স্টেট জুড়ে সাইবার নিরাপত্তা বাড়ানো বিষয়ক গভর্নর হোকলের ওয়েবসাইট, ITS চিফ ইনফরমেশন সিকিউরিটি অফিসের ওয়েবসাইট, দেখুন এবং এক্স (X) যা পূর্বে টুইটার (Twitter) নামে পরিচিত ছিল, ফেসবুক (Facebook) এবং ইনস্টাগ্রাম (Instagram)-এ (#NYSCyber) এজেন্সিটিকে অনুসরণ করুন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418